



WEST BENGAL STATE UNIVERSITY
B.A. Honours 3rd Semester Examination, 2023-24



BNGACOR07T-BENGALI (CC7)

Time Allotted: 2 Hours

Full Marks: 50

প্রাঞ্জিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নের মান নির্দেশ করছে।
পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।

- ১। ‘সাম্য’ গ্রন্থে রুশো (রুসো) ও ফরাসী বিপ্লব বিষয়ে আলোচনার যৌক্তিকতা বিচার করো। ১০
অথবা
‘শ্রমোপজীবীরা হীন হইল বলিয়া তাহাদের উপর বুদ্ধোপজীবীদের প্রভুত্ব বাড়িতে লাগিল।’ — এই বৈষম্যের কারণ ও তাৎপর্যগুলি ‘সাম্য’ প্রবন্ধ অনুসরণে লেখো। ১০
- ২। ‘বিজ্ঞানী বলবেন, বুদ্ধির কথা এখানে আসছে না, এ হল গণনার কথা,’ — ‘সৌরজগৎ’ পাঠ্যাংশ অবলম্বনে রবীন্দ্রনাথ বর্ণিত উপলব্ধির স্বরূপ উদ্ঘাটন করো। ১০
অথবা
‘বিশ্বপরিচয়’-এর ‘উপসংহার’ অংশে রবীন্দ্রনাথের বিজ্ঞানসম্মত বিশ্বচেতনার যে পরিচয় পাওয়া যায় সে সম্পর্কে আলোকপাত করো। ১০
- ৩। ‘তেল নুন লকড়ি’ প্রবন্ধ অনুসরণে দুই সভ্যতার তুলনা উদাহরণসহ আলোচনা করো। ১০
অথবা
সাহিত্যিক চেতনায় উদ্বুদ্ধ প্রাবন্ধিক প্রমথ চৌধুরীর ‘ভারতচন্দ্র’ প্রবন্ধটি কোন্ উদ্দেশ্যে সিদ্ধ করে — তা সংক্ষেপে লেখো। ১০
- ৪। জীবনী সাহিত্য হিসাবে অবনীন্দ্রনাথ ঠাকুরের ‘আপনকথা’ গ্রন্থটির স্বাতন্ত্র্য বিচার করো। ১০
অথবা
পদ্মদাসী চরিত্রটি অবনীন্দ্রনাথের লেখনীর স্পর্শে অত্যন্ত আকর্ষণীয় হয়ে উঠেছে — আলোচনা করো। ১০
- ৫। যে-কোনো দুটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ ৫×২=১০
(ক) “যে বৈষম্য প্রাকৃতিক নিয়মের অধীন তাহাই প্রকৃত বৈষম্য” — সংক্ষেপে আলোচনা করো। ৫
(খ) ‘নক্ষত্রলোক’-এ বর্ণিত ‘নীহারিকা’র সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫
(গ) প্রমথ চৌধুরীর ‘রায়তের কথা’ প্রবন্ধে ‘বেহারের রায়তেরা’ মজঃফরপুরের সভায় যে প্রস্তাবগুলি পাশ করেছেন তা আলোচনা করো। ৫
(ঘ) ‘এবারে কেবল চলন্ত ছবি’ — ‘আপনকথা’ প্রবন্ধের উত্তরের ঘর অংশ থেকে এই ‘চলন্ত ছবি’-র যে-কোনো একটি ছবির বর্ণনা দাও। ৫

—x—